গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবচর, মাদারীপুর।
www.shibchar.madaripur.gov.bd

নম্বর: ০৫.৪১.৫৪৮৭.০০০.০০০.০২.০০১২.২৫- ১২১/৩ তারিখঃ ০২-০৩-২০২৬ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম-পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর ৭ নং অনুচ্ছেদ এবং শিবচর উপজেলার গ্রাম পুলিশ নিয়োগ কমিটির ০২-০৩-২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহের লিখিত চাহিদার ভিত্তিতে গ্রাম-পুলিশ (মহল্লাদার) এর শূণ্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে। (উল্লেখ্য যে, ১৫/০১/২০২৬ খ্রিঃ তারিখের ০৫.৪১.৫৪৮৭.০০০.০০০.০২.০০১২.২৫.২৮ নং স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে উমেদপুর, দ্বিতীয়খন্ড ও কাদিরপুর ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ড থেকে কোন আবেদন পাওয়া যায়নি এবং নিম্নোক্ত অন্যান্য ইউনিয়নসমূহের সংশ্লিষ্ট ওয়ার্ড থেকে পূর্বে যারা আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই)

| ক্র: নং | ইউনিয়নের নাম | পদের নাম | ওয়ার্ড নং | শূন্য পদের সংখ্যা | বেতন ভাতা |
|---|---|---|---|---|---|
| ০১ | উমেদপুর | গ্রাম পুলিশ (মহল্লাদার) | ৬ নং ওয়ার্ড | ০১ জন | সরকার কর্তৃক নির্ধারিত হারে বেতন ভাতা প্রাপ্য হবেন। |
| ০২ | মাদবরেরচর | | ৪ নং ওয়ার্ড | ০১ জন | |
| ০৩ | কাঁঠালবাড়ী | | ১ নং ওয়ার্ড | ০১ জন | |
| ০৪ | ভদ্রাসন | | ৭ নং ওয়ার্ড | ০১ জন | |
| ০৫ | দ্বিতীয়খন্ড | | ১ নং ওয়ার্ড | ০১ জন | |
| ০৬ | কাদিরপুর | | ৫ নং ওয়ার্ড | ০১ জন | |
| ০৭ | চরজানাজাত | | ৫ নং ওয়ার্ড | ০১ জন | |
| ০৮ | বন্দরখোলা | | ২, ৭ নং ওয়ার্ড | ০২ জন | |
| ০৯ | বাঁশকান্দি | | ২, ৬ নং ওয়ার্ড | ০২ জন | |
| ১০ | বহেরাতলা উত্তর | | ৮ নং ওয়ার্ড | ০১ জন | |
| | | | মোট | ১২ জন | |

আগ্রহী প্রার্থীগণকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগামী ৩১ /০৩/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, গ্রাম পুলিশ নিয়োগ কমিটি, শিবচর, মাদারীপুর বরাবর আবেদনপত্র ডাকযোগে/সরাসরি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

### শর্তসমূহঃ

১. নির্ধারিত আবেদন ফরমে কোন প্রকার ঘষামাজা, ওভাররাইটিং ও কাটাকাটি ব্যতীত আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরম (www. shibchar.madaripur.gov.bd) ওয়েবসাইট, অত্র কার্যালয় অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে সংগ্রহ করা যাবে।

২. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা হতে হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থীদেরকে অগ্রাধিকার প্রদান করা হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড হতে শূন্য পদ পূরণ করা হবে।

৩. খামের উপরে স্পষ্ট অক্ষরে পদের নাম, ওয়ার্ড নং ও ইউনিয়নের নাম লিখতে হবে।

৪. আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে- (ক) ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (খ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি (গ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি (ঘ) ১ম শ্রেণির

CamScanner

গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঙ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০৪ (চার) কপি (চ) উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর এর অনুকূলে ১০০/- (একশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ছ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার পুত্র-কন্যার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত অনুলিপি ও (জ) কোটার প্রমাণক সংক্রান্ত সকল কাগজপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), (ঝ) আবেদনকারীর নিজস্ব ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাকটিকিট যুক্ত ১০ ইঞ্চি X ৪ ইঞ্চি আকৃতির একটি ফেরত খাম।

৫. নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক নির্ধারিত কোটাসমূহ সংরক্ষণ করা হবে। প্রার্থী কোন কোটা সুবিধার আওতায় আবেদন করলে খামের উপরে এবং আবেদনে স্পষ্টভাবে তা উল্লেখ করতে হবে।

৬. প্রার্থীর বয়স ৩১ /০৩/২০২৬ তারিখে কমপক্ষে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৭. মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে বিধিমালায় বর্ণিত যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত গ্রামপুলিশের পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার প্রদান করা হবে।

৮. নির্বাচনী/মৌখিক পরীক্ষার সময় প্রার্থীগণকে অবশ্যই দাখিলকৃত সকল প্রমাণাদির মূলকপি প্রদর্শন করতে হবে।

৯. চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

১০. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনপ্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। কোন আপত্তি বিবেচনা করা হবে না এবং এ বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**যোগ্যতা ও অযোগ্যতাসমূহ :**

(ক) শিক্ষাগত যোগ্যতা : কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

(খ) শারীরিক যোগ্যতা : **পুরুষ প্রার্থীর ক্ষেত্রে :** (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি। (খ) সর্বনিম্ন বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) (গ) ওজন সর্বনিম্ন ৫০ কেজি।

**মহিলা প্রার্থীর ক্ষেত্রে :** (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট (খ) সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) (গ) ওজন সর্বনিম্ন ৪৫ কেজি।

(গ) কোন প্রার্থী নিয়োগের জন্য বিবেচিত হবেন না যদি তিনি বাংলাদেশের নাগরিক কিংবা স্থায়ী বাসিন্দা না হন অথবা এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন কিংবা বিবাহের প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নন।

০২।০৭।২৫

এইচ. এম. ইবনে মিজান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
গ্রাম পুলিশ নিয়োগ কমিটি
শিবচর, মাদারীপুর

CamScanner

নম্বর: ০৫.৪১.৫৪৮৭.০০০.০০০.০২.০০১২.২৫-১২১/৬ (২৪) তারিখঃ ০২-০৩-২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

০১। জেলা প্রশাসক, মাদারীপুর।

০২। উপ-পরিচালক , স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর।

০৩। প্রশাসক, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।

০৪। সহকারী কমিশনার (ভূমি), শিবচর, মাদারীপুর (তাকে নিয়োগ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

০৫। উপজেলা প্রকৌশলী, শিবচর, মাদারীপুর।

০৬। অফিসার ইনচার্জ, শিবচর থানা, শিবচর, মাদারীপুর।

০৭। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শিবচর, মাদারীপুর।

০৮। উপজেলা আইসিটি অফিসার, শিবচর, মাদারীপুর (বিজ্ঞপ্তিটি তাকে উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

০৯। চেয়ারম্যান...................................ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর (তাকে নিয়োগ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

১০। অফিস কপি।

02/03/26

উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
গ্রাম পুলিশ নিয়োগ কমিটি
শিবচর, মাদারীপুর

CamScanner